DEC. 23 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৫ ...

## কাল মাদ্রাসা শিক্ষার উন্নয়নে সরকারের ভূমিকা কি হওয়া উচিত শীর্ষক গোলটেবিল বৈঠক

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** আগামীকাল সোমবার বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের উদ্যোগে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে বিকেল ৩টায় 'মাদ্রাসা শিক্ষার উন্নয়নে সরকারের ভূমিকা কি হওয়া উচিত?' শীর্ষক এক গোলটেবিল বৈঠকের আয়োজন করা হয়েছে। উক্ত গোলটেবিল বৈঠকে উপস্থিত থাকবেন- প্রফেসর সৈয়দ আলী আহসান (জাতীয় অধ্যাপক, শিক্ষাবিদ), ডক্টর কাজী দীন মুহম্মদ (বিশিষ্ট শিক্ষাবিদ), প্রফেসর ডঃ মনিরুজ্জামান মিয়া) সাবেক ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়), প্রফেসর এমাজউদ্দীন আহমদ (সাবেক ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়),

কবি আবদুল হাই শিকদার (সাহিত্য সম্পাদক, দৈনিক ইনকিলাব) প্রমুখ। এছাড়া উপস্থিত থাকবেন দেশের খ্যাতনামা শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, সাংবাদিক, গবেষক, আলেম-ওলামা ও মাদ্রাসা ছাত্র আন্দোলনের আহবায়কবৃন্দ।